দৈনিক
ইনকিলাব

তারিখ 04 JAN 2006
পৃষ্ঠা ১১ কলাম ৬

# জাতীয় শিক্ষক দিবস নিয়ে ব্ল্যাক মেইলিং বন্ধ করতে হবে

## –শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** শিক্ষা সংস্কার এবং শিক্ষকদের পেশাগত সমস্যা সমাধানের ব্যাপারে উদারতার পরিচয়ে সক্ষম হয়েছিলেন বলে প্রথমে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি এবং পরবর্তীকালে স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক ও কর্মচারী সংগঠনের বৃহত্তম মোর্চা শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের অনুরোধক্রমে ২৪ জানুয়ারী-২০০২ সালে ১৯ জানুয়ারী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শুভ জন্ম তারিখকে জাতীয় শিক্ষক দিবস হিসেবে ঘোষিত হয়েছিল। মতাদর্শ নির্বিশেষে সকলকে নিয়ে সম্প্রীতি ও সৌহার্দপূর্ণ পরিবেশে দিবসটি উদযাপিত হবে এটাই ছিল সংশ্লিষ্ট সকলের প্রত্যাশা। সম্প্রতি বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত খবরে জানা যায় শিক্ষা মন্ত্রণালয়ের শীর্ষ কর্মকর্তার মদদে এবং স্বার্থে একটি চিহ্নিত মহল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নাম ভাঙ্গিয়ে দিবসটি উদযাপনের অপচেষ্টা চালাচ্ছে।

জাতীয় শিক্ষক দিবস ঘোষণার রূপকার ও শিক্ষক-কর্মচারী ঐক্যজোট-এর সভাপতি অভিজ্ঞ শিক্ষক নেতা প্রফেসর এম শরীফুল ইসলাম এবং মহাসচিব মোহাম্মদ আলীসহ জোটভুক্ত সংগঠন বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সভাপতি প্রিন্সিপাল মাজহারুল হান্নান, সাধারণ সম্পাদক ভাইস-প্রিন্সিপাল হারুনুর রশীদ পাঠান, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি জুলফা মোহাম্মদ, মহাসচিব নজরুল ইসলাম, বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদের সভাপতি ডঃ মোহাম্মদ লোকমান হোসেন, মহাসচিব প্রিন্সিপাল আলী আকবর, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক পরিষদ মহাসচিব মাওলানা যাইনুল আবেদীন, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রিন্সিপাল রাফিকা আফরোজ, সাধারণ সম্পাদক সহিদুর রহমান, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আজিজুল হক শাহ, মহাসচিব মোহাম্মদ আলী, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি প্রিন্সিপাল ইসহাক হোসেন, মহাসম্পাদক অধ্যাপক এম শরীফুল ইসলাম, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি নজরুল ইসলাম, যুগ্ম সম্পাদক প্রিন্সিপাল সালমা সাদত এবং শিক্ষক প্রতিষ্ঠান কর্মচারী ইউনিয়নের সভাপতি একেএম আনিসুল হক ও সাধারণ সম্পাদক হারুন অর রশীদ প্রমুখ সংবাদপত্রে স্বার্থান্বেষী মহল কর্তৃক প্রচারিত সংবাদে বিস্ময় ও উদ্বেগ প্রকাশ করে জাতীয় শিক্ষক দিবসের সার্বজনীনতা রক্ষার প্রয়োজনে কোন মহলের কায়েমী স্বার্থে যাতে ৯ বছরের সামরিক স্বৈরাচারী কায়দায় দিবসটি উদযাপনের ব্যাপারে কোন স্বার্থান্বেষী মহলকে ব্ল্যাকমেইলিং করার সুযোগ দেয়া না হয় সেজন্য প্রধানমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়েছেন।